

ই-মেইল ও রেজিঃ ডাক যোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
মিরপুর-২, ঢাকা-১২১৬।  
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.০০৪.০২.৩৭১.২০১৮-

তারিখঃ \_\_\_\_\_  
আশ্বিন ১৪২৫।  
অক্টোবর ২০১৮।

বিষয় : ঢাকা প্রশাসনিক ট্রাইব্যুনাল-৩ এর দায়েরকৃত এটি মামলা নং ১৭/২০১৮ পরিচালনা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, টাঙ্গাইল জেলার মির্জাপুর উপজেলার জনাব ওমর আলীকে প্রধান শিক্ষক পদে চলতি দায়িত্বে পাকুয়লা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পদায়ন করা হয়। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, টাঙ্গাইল এর সংশোধিত বদলী আদেশে উক্ত শিক্ষককে মস্তমাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বদলী করায় সংশোধিত বদলী আদেশের বিরুদ্ধে সংক্ষুদ্ধ হয়ে ঢাকা প্রশাসনিক ট্রাইব্যুনাল-৩ এটি নং ১৭/২০১৮ মামলা দায়ের করেন। উক্ত মামলায় ঢাকা প্রশাসনিক ট্রাইব্যুনাল-৩ একটি আদেশ জারি করেছেন।

২। মহাপরিচালক মহোদয় কর্তৃক জারিকৃত স্মারক নং ৩৮.০০.০০০০.১০৭.১৮.০০২.২০১৭-১১৭০, তারিখ ২৩ জুলাই ২০১৮ মোতাবেক মাঠপর্যায়ের দায়িত্ব বিকেন্দ্রীকরণ সম্পর্কিত পরিপত্রের ১১ নং ক্রমিক অনুযায়ী এটি মামলাসহ উপজেলা/জেলা কোর্টে দায়েরকৃত দেওয়ানী/ফৌজদারী ও অন্যান্য মামলা পরিচালনা করার দায়িত্ব জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের উপর ন্যস্ত করা হয়েছে।

৩। তাঁকে সরকার পক্ষে মামলাটি পরিচালনা ও তদারকি করার নিমিত্ত একজন কর্মকর্তা বা উপযুক্ত কর্মচারী নিয়োগ করা এবং নিয়োগকৃত ব্যক্তির নাম ও মোবাইল নম্বর অধিদপ্তরের আইন কোষে প্রেরণপূর্বক সরকারের স্বার্থে অতিরিক্ত রেকর্ডপত্রের প্রয়োজন হলে তাৎক্ষণিক অধিদপ্তরে যোগাযোগ করত: মামলার রায় ঘোষণার ২/১ দিনের মধ্যে রায়ের জাবোদা নকল প্রেরণপূর্বক প্রাথমিক শিক্ষা অধিদপ্তরকে আবশ্যিকভাবে রায় সম্পর্কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি ও গুরুত্বপূর্ণ।

প্রাপক,  
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার,  
টাঙ্গাইল

স্মারক নং- ৩৮.০১.০০০০.০০৪.০২.৩৭১.২০১৮- ১০৬২/১

তারিখঃ \_\_\_\_\_  
আশ্বিন ১৪২৫।  
অক্টোবর ২০১৮।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা (তাঁকে বিষয়টি নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
- ২। সংরক্ষণ নথি।

(মো: আব্দুল আলীম)  
সহকারী পরিচালক (আইন)  
পক্ষে- মহাপরিচালক

TRUE COPY

Abdur Razzak  
Advocate  
Judge Court, Dhaka  
Flat # B-1, (2nd Floor), House # 16, Road # 14  
Gulshan-1, Dhaka-1212

# প্রশাসনিক ট্রাইব্যুনাল নং - ৩, ঢাকা।

প্রশাঃ ট্রাইঃ মামলা নং - ১৭/২০১৮

(প্রশাসনিক ট্রাইব্যুনাল আইন-১৯৮০ এর ৪ ধারা মতে দরখাস্ত)

মোহাম্মদ ওমর আলী

পিতাঃ মোহাম্মদ মোজার আলী

প্রধান শিক্ষক (চলতি দায়িত্ব)

পাকুল্যা সরকারী প্রাথমিক বিদ্যালয়

পোঃ জামুকা

উপজেলাঃ মির্জাপুর

জেলাঃ টাঙ্গাইল।

-বনাম-

- ১। বাংলাদেশ প্রতিনিধিত্বে ও স্বয়ং  
সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, শাহবাগ, ঢাকা।
- ২। মহা পরিচালক  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
মিরপুর-২, ঢাকা।
- ৩। উপসচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, শাহবাগ, ঢাকা।
- ৪। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার  
টাঙ্গাইল, জেলাঃ টাঙ্গাইল।